

## টেরাটোমা

শ্রীরোগ সার্জন ওভারীর টিউমার কেটে বের করে রুগীর স্বামীকে দিয়ে বললেন "বায়োল্গি পরীক্ষা করে নিয়ে আসুন তালুকদার প্যাথলজি ল্যাব থেকে। " হাসপাতালের সামনে দেখা হল এক টাউন্টের সাথে। সে বুদ্ধি দিল এক ল্যাবে পরীক্ষা করতে না দিয়ে কয়েকটা ল্যাবে টিউমার ভাগ করে দিন, দেখুন কোন ল্যাব কেমন রিপোর্ট দেয়। কথা মতো টিউমারটাকে ৪ টুকরা করে ৪ টি নাম করা ল্যাবে জমা দেয়া হল। তালুকদার প্যাথলজি রিপোর্ট দিল "এডেনোমা"। মজুমদার প্যাথলজি রিপোর্ট দিল "ফাইব্রোমা"। হাওলাদার প্যাথলজি রিপোর্ট দিল "লাইপোমা"। চাকলাদার প্যাথলজি রিপোর্ট দিল "স্কিন টিসু"। সবগুলি রিপোর্ট নিয়ে রুগীর স্বামী তালুকদার প্যাথলজির বিশেষজ্ঞের নিকট এসে বললেন "আপনারা একই টিউমারের রিপোর্ট একেক জন একেকটা দিলেন। আপনারা সবাই ভুয়া রিপোর্ট দেন। " - আপনি একটা টিউমারকে ৪ ভাগ করেছেন। চারটি ভাগে চার রকম জিনিস ছিল। একই টিউমারে বিভিন্ন রকম টিসু থাকলে তাকে বলা হয় "টেরাটোমা"। আপনার রুগীর টেরাটোমা হয়েছে। সম্পূর্ণ টিউমার এক ল্যাবে দিলে সব অংশ মিলিয়ে রিপোর্ট দেয়া হত টেরাটোমা। - তাহলে একটি ল্যাবে পরীক্ষা করলে আমার খরচ হতো ১০০০ টাকা। আর আমি ৪ ল্যাবে খরচ করেছি ৪০০০ টাকা। এতগুলো টাকা খরচ করে সঠিক রেজাল্ট পেলাম না। - বোকারা তাই করে।

ডাঃ সাদেকুল ইসলাম তালুকদার  
ফেইসবুক পোস্ট  
সাধারণ স্বাস্থ্যজ্ঞান  
30/5/2017